শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

# কূয়োর কাছে এক নারী

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2017 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যীশু আর তাঁর শিষ্যরা শমরিয়া দেশ দিয়ে যাচ্ছিলেন। তারা শূখর নামে একটি শহরের কাছে এলেন।



সেখানে একটি কূয়ো ছিল, যেখানে শূখরনিবাসীরা জল তুলতে আসত। অনেক বছর আগে যাকোব, যিনি ইস্রায়েলের পিতা, তিনি এই কূয়োটা খুঁড়েছিলেন।



দুপুরের কিছু আগে, গরম ও হাল্কা রৌদ্রের সময় যীশু ক্লান্তভাবে কূয়োর পাশে বসে ছিলে, আর শিষ্যরা খাবার কেনার জন্য শূখরে গেছিল।



যীশু একা ছিলেন, কিন্তু অনেকক্ষণ ধরে নয়। শূখরের একজন মহিলা জল তুলতে এল। যীশু তাকে বললেন,

“আমাকে পান করার জন্য জল দাও”।

ঐ মহিলাটি আশ্চর্য হয়ে গেল। সে বলল, “আপনি একজন ইহুদি হয়ে শমরীয় নারীর কাছে পান করার জন্য জল চাইছেন, এটা কী করে সম্ভব?”

তখনকার দিনে ইহুদির সাথে শমরীয়দের কোনও লেনদেন ছিল না।

সে হয়তো আরও আশ্চর্য হয়ে পড়েছিল, যখন যীশু তাকে জিজ্ঞাসা করলেন, “তুমি যদি জানতে যে, আমি কে, তাহলে তুমি আমার কাছে জীবন জল চাইতে”।



ঐ নারীটি যীশুকে বলল, “মহাশয়, আপনার কাছে তো দেখছি কিছুই নেই, আর এই কূয়োটা যথেষ্ট গভীর। তাহলে আপনি কোথায় সেই জীবন জল পাবেন? আপনি কি আমাদের পিতা যাকোবের থেকে বড়ো, যিনি আমাদেরকে এই কূয়োটা দিয়েছিলেন?”

যীশু সেই নারীকে বললেলেন, “যে কেহ এই জল পান করে, সে আবার তৃষ্ণার্ত হবে, কিন্তু আমি যে জল দেব, যে কেউ তা পান করে, সে কখনও তৃষ্ণার্ত হবে না।

যে জল আমি দিই, জলের উনুই হয়ে তার থেকে জলের ধারা বের হবে”। নারীটি বলল, “মহাশয়, আমাকে সেই জল দিন”।

যীশু সেই নারীকে বললেন, “যাও, আর তোমার স্বামীকে ডাক”। নারীটি উত্তর দিল, “আমার কোনও স্বামী নেই”। যীশু উত্তর দিলেন, “তোমার পাঁচটি স্বামী ছিল, এবং যার সাথে তুমি এখন আছ, সে তোমার স্বামী নয়”।



নারীটি চিনতে পারল যে, যীশু হলেন একজন ভাববাদী। কোথায় ঈশ্বরের উপাসনা করা হবে, জেরুশালেম অথবা শমরীয়, অথবা পর্বতের উপরে – এই বিষয় নিয়ে সে যীশুর সাথে তর্ক করার চেষ্টা করছিল।

যীশু বললেন, প্রকৃত ভজনাকারী সত্যে ও আত্মায় পিতার ভজনা করবে।



নারীটি যীশুকে বলল, “আমি জানি মশীহ আসছেন, তিনি যখন আসবেন, তখন সব কথা আমাদের বলবেন”। যীশু তাকে বললেন, “আমিই সেই, যে তোমার সাথে কথা বলছে”। ঠিক সেই সময় যীশুর শিষ্যরা এল। নারীটি তার মহামূল্য জলের কলসীটা কূয়োর কাছে ফেলে শহরে ফিরে গেল।



নারীটি শহরের
সমস্ত লোকদের
বলতে লাগল, "এস,
সেই মানুষটিকে
দেখ, আমি যা
যা করেছিলাম,
সেই বিষয়ে
তিনি আমার
সমস্ত অতীত
বলে দিয়েছেন।

ইনি কি
খ্রীস্ট নয়?"
লোকেরা
শহর ছেড়ে
যীশুকে
দেখার জন্য
এগিয়ে গেল।

এর মধ্যে শিষ্যরা যীশুকে কিছু খেতে বলল, কিন্তু যীশু বললেন, “যিনি আমাকে পাঠিয়েছেন, তার ইচ্ছা পালন করাই হল আমার খাদ্য”।

তার কাজ ছিল লোকদেরকে ঈশ্বরের কাছে আনা।

ঐ নারীর কথার জন্য অনেক লোক তাঁকে বিশ্বাস করেছিল। তারা যীশুকে তাদের



সাথে থাকতে বলল এবং তিনি দুই দিন ওখানে ছিলেন।

যীশুর বাক্যের জন্য অনেকে যীশুকে বিশ্বাস করল। তারা বলল, “আমরা শুনেছি



এবং জেনেছি যে, তিনিই একমাত্র খ্রীস্ট, পৃথিবীর মুক্তিদাতা”।

# কূয়োর কাছে এক নারী

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যোহন ৪

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬